

নারীর বিরুদ্ধে সহিংসতা এবং কোভিড- ১৯ সংক্রান্ত তথ্য সংগ্রহ ঃ সিদ্ধান্ত ট্রি (Decision Tree)



আমরা কেন তথ্য সংগ্রহ করছি এবং তা কিভাবে ব্যবহার করা হবে?

কী ধরনের প্রশ্ন অন্বেষণ করা ফলপ্রসূ হবে?

জনসংখ্যা ভিত্তিক জরিপে গৃহীত সম্ভাব্য প্রশ্নের উত্তর:

- সহিংসতা কী বৃদ্ধি পেয়েছে ?
- সহিংসতার প্রকৃতি ,আকার, ও ভয়াবহতা কী পরিবর্তিত হয়েছে ?
- সহিংসতার ঝুঁকি / প্রতিরক্ষামূলক বিষয় কী পরিবর্তিত হয়েছে ?

অন্যান্য উৎস ভিত্তিক তথ্যের ভিত্তিতে গৃহীত সম্ভাব্য প্রশ্নের উত্তর:

- প্রতিবেদিত সহিংসতার প্রকৃতি ,আকার, ও ভয়াবহতার কী কোন পরিবর্তন হয়েছে ?
- ব্যবহৃত সেবা ব্যবস্থার কোন ত্রাস বা বৃদ্ধি পেয়েছে কি?
- পরিষেবাগুলি ব্যবহারের ক্ষেত্রে এবং / বা ভিন্নভাবে সরবরাহ হচ্ছে কি এবং এটি কি নিরাপদ ও কার্যকর?

এখানে কি কোনও জাতীয় লকডাউন আছে বা চলাচলের ক্ষেত্রে উল্লেখযোগ্য বাধা রয়েছে?

হ্যাঁ
এটা করা ঠিক হবে না

সাক্ষাৎকারকারীরা নিরাপদে বাড়িগুলি পরিদর্শন এবং ব্যক্তিগত ও গোপনীয় সাক্ষাতকারের ব্যবস্থা করতে পারে না।

আপনি কি গোপনীয়তা, ব্যক্তিগত গোপনীয়তা, এবং সমর্থন নিশ্চিত করতে পারেন?

না
হ্যাঁ

সহিংসতার জরিপ অথবা সাক্ষাতকারের মাধ্যমে তথ্য সংগ্রহ করা নিরাপদ।
গুরুত্বপূর্ণ!
কোভিড ১৯ এর সময়, আগে, ও পরে মোট কতজন নারী সহিংসতার শিকার হয়েছে তা কেবল মাত্র নারীদের দৈব চয়ন নমুনা সংগ্রহের মাধ্যমে করা যেতে পারে।

বিদ্যমান তথ্য-উপাত্ত ব্যবহার করুন!

- * বিদ্যমান জরিপগুলি থেকে তথ্য অন্বেষণ করুন।
- * পরিষেবা কেস রেকর্ডগুলি বিশ্লেষণ করুন কোভিড ১৯ এর সময় এবং তার পূর্বে।

হ্যাঁ

বিদ্যমান উপাত্তসমূহ কি সাধারণ প্রশ্নগুলোর উত্তর দিতে পারে?

প্রাথমিক গবেষণার বিকল্পগুলি যা নিরাপদ এবং প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করতে পারে:

*প্রাপ্যতা এবং সংস্থানসমূহের পরিবর্তন সাপেক্ষে পরিষেবাগুলির ম্যাপিং।

* পরিষেবা সরবরাহকারীদের সাথে সংক্ষিপ্ত জরিপ বা মূল তথ্য প্রদানকারীর সাক্ষাতকার(key informant interviews) পরিচালনা করুন।

* সহিংসতায় বেঁচে যাওয়া নারীদের সাক্ষাতকার; নিরাপত্তার সাথে এবং সম্পূর্ণ সম্মতিতে (যেমন, মহিলাদের সংগঠনগুলিতে, স্বাস্থ্যসেবা বা আশ্রয়কেন্দ্রে)।

না

আমি কি সহিংসতার বিস্তার পরিমাপ এর ক্ষেত্রে পরিষেবার তথ্য ব্যবহার করতে পারি? (যেমন; পুলিশ প্রতিবেদন,হেল্প লাইনে ফোন, ও আশ্রয়কেন্দ্র থেকে প্রাপ্ত তথ্য)

এটা করা ঠিক হবে না

না। সহিংসতার শিকার নারীদের অতি ক্ষুদ্র অংশই পরিষেবা গ্রহন করে। সহিংসতার বিস্তার পরিমাপ এর ক্ষেত্রে পরিষেবার তথ্য ব্যবহার করা সঠিক হবে না। বরং পরিষেবার তথ্য অন্যান্য প্রশ্নের ক্ষেত্রে কার্যকর হতে পারে।

কোভিড ১৯ এর প্রভাবে সহিংসতার অভিজ্ঞতার বিষয়ে জনসংখ্যা-ভিত্তিক দূত মূল্যায়ন জরিপে,আমি কি আরো কিছু প্রশ্ন সংযুক্ত করতে পারি?

এটা করা ঠিক হবে না

না। সহিংসতা সংক্রান্ত যে কোন জরিপে নারীদের অংশগ্রহন, বিশেষ করে তারা যখন নিপীড়নকারী ব্যক্তির সাথে বাসায় থাকে, তার ফলে সহিংসতা আরও বাড়তে পারে এবং অথবা নিম্ন মানের তথ্য দিতে পারে।

সহিংসতার বিস্তার সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য আমি কি টেলিফোন, মোবাইল ফোন, বা ইন্টারনেট ব্যবহার করে সাক্ষাতকার গ্রহন করতে পারি?

এটা করা ঠিক হবে না

না। এক্ষেত্রে আমরা বুঝতে পারবোনা যে আমরা কী তথ্য পাচ্ছি।এটা কার্যকরী না।

দূত মূল্যায়ন এর ক্ষেত্রে প্রক্সি প্রশ্ন সংযুক্ত করা কি কার্যকরী হবে (উদাহরণ স্বরূপ, অন্যদের সহিংসতার অভিজ্ঞতা)?

সর্বদা নারীদের নিরাপত্তাকে তথ্য সংগ্রহের উপর প্রাধান্য দিতে হবে!